

(প্রেস বিজ্ঞপ্তি)

১১ এপ্রিল ২০২২

চসিকের ভ্রাম্যমাণ আদালত কর্তৃক নাসিরাবাদ আফগান রেস্টুরেন্ট আগোরা ও কর্ণফুলী মার্কেটের বিভিন্ন প্রতিষ্ঠানকে ১ লক্ষ ৩৫ হাজার জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীর বিভিন্ন এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী'র নেতৃত্বে অস্বাস্থ্যকর, নোংরা ও দুর্গন্ধময় পরিবেশে খাদ্যদ্রব্য প্রস্তুত করায় নাসিরাবাদস্থ আফগান রেস্টুরেন্টকে ১ লক্ষ টাকা, একাই অপারাদে মাংস প্রসেস করার অপরাধে আগোরা সুপার শপকে ২০ হাজার জরিমানা করা হয় এবং ষোলশহরস্থ কর্ণফুলী কমপ্লেক্সে নিত্যপণ্যের বাজারদর তদারকি ও মূল্য তালিকা যাচাই করা হয়। সাথে সাথে নগরীতে নিষিদ্ধ ঘোষিত পলিথিন এর বিরুদ্ধে অভিযান পরিচালিত হয় এবং দোকান মালিকদের পলিথিন ব্যাগে পণ্য সামগ্রী বিক্রি না করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

আজ অপর এক অভিযানে স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজনের নেতৃত্বে আত্মবাদ ও চৌমুহনীস্থ কর্ণফুলী মার্কেটে নিত্যপণ্যের বাজারদর তদারকি ও মূল্য তালিকা যাচাই করা হয়। এই সময় সরকারি নির্দেশনা মোতাবেক দোকানে মূল্য তালিকা না টাঙ্গানো এবং ফুটপাথ ও রাস্তা দখল করে দোকানের মালামাল রেখে জনসাধারণের চলাচলের প্রতিবন্ধকতার সৃষ্টির দায়ে ৬ দোকানদারের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৩ হাজার ৪ শত টাকা জরিমানা করা হয়। একই সাথে নিষিদ্ধ ঘোষিত পলিথিনের বিরুদ্ধে অভিযান পরিচালিত হয়। একই আদালত কর্তৃক চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিরাপদ খাদ্য পরিদর্শকের দায়েরকৃত মোকদ্দমায় চকবাজার থানাধীন গুলজার মোড়ের আল আফসা ফাস্ট ফুড এন্ড বিরানী হাউসের মালিককে ১২ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩